



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০০৩.২০.৪৭/১


তারিখ: ৩৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ ১৫/১২/২০
৩০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: ভূমি মন্ত্রণালয়ে সশরীরে/সরাসরি বদলির আবেদন সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ব্যবস্থাপনা এবং জরিপ বিভাগের মাঠ পর্যায়ের কতিপয় কর্মকর্তা/কর্মচারীগণ বদলির জন্য অথবা বদলি আদেশ পুনর্বিবেচনার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে মাননীয় মন্ত্রী/সচিব বরাবর সরাসরি আবেদন করেন এবং কোন কোন ক্ষেত্রে সশরীরে হাজির হয়ে বিরতকর পরিস্থিতির সৃষ্টি করছেন যা প্রচলিত বিধি-বিধানের পরিপন্থি। উক্ত বিষয়টি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অসদাচরণের সামিল।

০২। উল্লিখিত প্রেক্ষাপটে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বদলি সংক্রান্ত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে করতে হবে। ভবিষ্যতে কোন কর্মকর্তা/কর্মচারী বদলির তদবির নিয়ে সশরীরে মন্ত্রণালয়ে হাজির হয়ে বিরত করলে অথবা কোন কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে এ ধরনের সরাসরি কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ মোসুমিউর রহমান সিএএ

সচিব

ভূমি মন্ত্রণালয়।

ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,

ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪

ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

- ০১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০২। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ০৩। জেলা প্রশাসক.....(সকল)।

অনুলিপি:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).....(সকল)।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব সার্কেল.....(সকল)।
- ০৭। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
(সংস্থাপন-১ শাখা)
www.dlrs.gov.bd



স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১৮.০০৭.০৯-২২২

তারিখ : ০৬/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৫/০২/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। পরিচালক (প্রশাসন)/(ভূমি রেকর্ড)/(জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ২। উপ-পরিচালক (জরিপ)/(অর্থ ও বাজেট)/(সে.অপা.১/২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ৩। জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা/রংপুর/দিনাজপুর/বগুড়া/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/যশোর/খুলনা/বরিশাল/পটুয়াখালী/ফরিদপুর/পাবনা/রাজশাহী/সিলেট/কুমিল্লা/নোয়াখালী/চট্টগ্রাম।
- ৪। সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।
- ৫। প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

(এম. আলীম হুসেইন খান)
উপ-পরিচালক(প্রশাসন)
ফোনঃ ৮১৭০০৬১